

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ  
প্রশাসন শাখা  
সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২  
www.bba.gov.bd

নম্বর ৫০.০১.০০০০.০০০.১০৩.১১.০০০২.২০-৩৭০

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩২  
২৩ ফেব্রুয়ারি ২০২৬

নিয়োগপত্র


বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের বিভাগীয় পদোন্নতি/নির্বাচন কমিটি এর সুপারিশ ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী টাকা ১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪তম) বেতনক্রমে নিম্নে উল্লিখিত শর্ত সাপেক্ষে নিম্নবর্ণিত প্রার্থীদেরকে 'সীটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর' পদে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

অপেক্ষমান ক্রম	রোল	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
৩য়	৯০০৩৪১	জনাব মোসাঃ শাহিনা আক্তার পিতা: মোঃ নসু মিয়া মাতা: সুরাইয়া বেগম	গ্রাম: খাদাবাগ, ডাকঘর: খোদাবাগহাট, উপজেলা: লালমনিরহাট সদর, জেলা লালমনিরহাট	গ্রাম: খাদাবাগ, ডাকঘর: খোদাবাগহাট, উপজেলা: লালমনিরহাট সদর, জেলা লালমনিরহাট
৪র্থ	৯০১২০৪	জনাব খাদিজা আক্তার পিতা: মোঃ খোরশেদ আলী মাতা: শামছুন নাহার	গ্রাম: বিষ্ণুরামপুর, ডাকঘর: বাবুগঞ্জ বাজার, উপজেলা: ফুলবাড়িয়া, জেলা: ময়মনসিংহ	গ্রাম: বিষ্ণুরামপুর, ডাকঘর: বাবুগঞ্জ বাজার, উপজেলা: ফুলবাড়িয়া, জেলা: ময়মনসিংহ

২। শর্তাবলি:

- স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৫৮.০০.০০০০.০৬২.৯৯.০০২.১৮.২৪০, তারিখ ১৮/০৯/২০১৮ খ্রি. মোতাবেক চাকরিতে প্রবেশের সময় স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার কর্তৃক মাদকাসক্ত পরীক্ষা (ডোপ টেস্ট) এবং Fasting Blood Sugar, HBs Ag, Blood Grouping, Urin R/E, X-Ray Chest ও ECG টেস্ট রিপোর্ট দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোনো প্রকার বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;
- চাকরিতে যোগদানের তারিখ থেকে ২ (দুই) বৎসর পর্যন্ত সন্তোষজনকভাবে শিক্ষানবিশকাল সমাপ্ত করতে হবে। তবে কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করে এই মেয়াদ সর্বসাকুল্যে আরও ২(দুই) বৎসর বৃদ্ধি করতে পারবে;
- শিক্ষানবিশকালে তার কর্ম দক্ষতা ও আচরণ সন্তোষজনক বিবেচিত না হলে কর্তৃপক্ষ তাকে ১ (এক) মাসের নোটিশ অথবা নোটিশের পরিবর্তে ১ (এক) মাসের মূলবেতন প্রদান করে চাকরি হতে অব্যাহতি প্রদান করতে পারবে। শিক্ষানবিশকালে চাকরি হতে ইস্তফা প্রদানের ক্ষেত্রে ১ (এক) মাস পূর্বে নোটিশ অথবা ১ (এক) মাসের সমপরিমাণ বেতন কর্তৃপক্ষের অনুকূলে জমা দিতে হবে;
- চাকরিতে যোগদানের পরে দাখিলকৃত কোন সনদপত্র/তথ্যাদি পরবর্তীতে অসত্য প্রমাণিত হলে কোনো কারণ দর্শানো ব্যক্তিরকে নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;
- চাকরিতে যোগদানকালে যোগদান পত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্প এই মর্মে একটি অঙ্গীকারনামা দাখিল করতে হবে যে, "তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না";

- চ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপবিধি অনুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দিষ্ট ছক মোতাবেক সরকারী কর্মচারীর সম্পদ বিবরণী চাকরিতে যোগদানের সময় জমা দিতে হবে;
- ছ) চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র সংগ্রহ করে যোগদানপত্র দাখিল করতে হবে;
- জ) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২০ এবং সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য আইন ও বিধি-বিধান দ্বারা তার চাকরি নিয়ন্ত্রিত হবে;
- ঝ) চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা প্রদান করা হবে না; এবং
- ঞ) উপরিউক্ত শর্তাবলি পূরণ সাপেক্ষে 'সীটমুদ্রাকরিক-কাম-কম্পিউটার অপারেটর' পদে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদেরকে **আগামী ০৪/০৩/২০২৬ তারিখ, সকাল ১০.০০ ঘটিকায়** বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক বরাবর যোগদান পত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদানে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং তার নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।


  
 (এ.এফ.এম. তাজুল ইসলাম)  
 উপপরিচালক (প্রশাসন)

নম্বর ৫০.০১.০০০০.০০০.১০৩.১১.০০০২.২০- ১৭০/১(৫)

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩২  
২৩ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি:

- ১। পরিচালক (প্রশাসন/পিএ্যান্ডডি/অর্থ ও হিসাব/ওএন্ডএম)/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, ঢাকা।
- ২। অতিরিক্ত পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, ঢাকা।
- ৩। নির্বাহী পরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, আইসিটি শাখা, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। জনাব .....(নিয়োগপ্রাপ্ত প্রার্থী)

  
 (এ.এফ.এম. তাজুল ইসলাম)  
 উপপরিচালক (প্রশাসন)